



University at Buffalo

Philosophy, Politics and Economics

College of Arts and Sciences

একটি কমিনিউটির পরিকল্পিত পরামর্শমূলক ফোরাম

# পশ্চিম নিউ ইয়র্কে

## নতুন আগন্তুকদের স্বাগত

## জানানোর বিষয়ে



EMMA SKURNICK

এই ফোরামে, অংশগ্রহণকারীরা **শরণার্থী** ও **অভিবাসীদের** জন্য **অন্তর্ভুক্তিমূলক সম্প্রদায়** গঠনের বিষয়ে আলোচনা করবেন এবং পরে একটি রিসোর্স প্যানেলের আওতাধীন অভিজ্ঞদের কাছে প্রশ্ন করবেন।

ব্যাফেলো শহরের ১০ শতাংশেরও বেশি জনগণ যুক্তরাষ্ট্রের বাইরের দেশে জন্মগ্রহণ করেছেন, এবং এদের মধ্যে প্রায় অর্ধেকই ২০১০ সালের পর যুক্তরাষ্ট্রে এসেছেন। অনেকে কাজ, শিক্ষা বা পরিবারের সঙ্গে পুনর্মিলনের জন্য এসেছেন। অন্যরা নির্যাতন, সহিংসতা এবং যুদ্ধ থেকে পালিয়ে এখানে আশ্রয় নিয়েছেন। নতুন আগন্তুকরা আমাদের সম্প্রদায়কে পুনরুজ্জীবিত করছেন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি, উদ্ভাবন এবং সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। তবে, তাদের অন্তর্ভুক্তি নিশ্চিত করা একটি জটিল প্রক্রিয়া। অভিবাসী ও শরণার্থীরা প্রায়শই আর্থিক সংকট, ভাষাগত প্রতিবন্ধকতা এবং অতীত অভিজ্ঞতা থেকে মানসিক আঘাতের সম্মুখীন হন। এই পরামর্শমূলক ফোরামের উদ্দেশ্য হলো অন্তর্ভুক্তিমূলক সম্প্রদায় গঠনের মানে কী তা অনুসন্ধান করা। এছাড়া, ব্যক্তিগত ও সামাজিক সংগঠনগুলোর জন্য কার্যকর পদক্ষেপ চিহ্নিত করা, সহায়তার শক্তিশালী কাঠামো তৈরি করা এবং অন্তর্ভুক্তিতে বাধা দূর করার উপায় নির্ধারণ করা।

**সকল অংশগ্রহণকারীকে অবশ্যই কমপক্ষে ১৮ বছর বয়সী হতে হবে।**

**তারিখ:** শুক্রবার, ৬ ডিসেম্বর ২০২৪

**সময়:** বিকাল ৪:৩০ থেকে সন্ধ্যা ৭:৩০ পর্যন্ত

**স্থান:** Jacobs School of Medicine, 955 Main St, Buffalo, NY 14203

**কক্ষ:** Jacobs Active Learning Room 1220.

**প্রতিদান:** প্রত্যেক অংশগ্রহণকারী \$১০০ মূল্যের একটি ভিসা রিওয়ার্ড কার্ড পাবেন, যা অনলাইনে বা সরাসরি ভিসা ক্রেডিট বা ডেবিট কার্ড গ্রহণকারী যে কোনো স্থানে ব্যবহৃত হতে পারে।

**প্রশ্ন?** যোগাযোগ করুন: [phi-ppe@buffalo.edu](mailto:phi-ppe@buffalo.edu)

**QR কোড ব্যবহার করে নিবন্ধ**

ইভেন্ট স্পনসররা:



## ফোরামের সময়সূচি

৪:৩০ অপরাহ্ন

### নিবন্ধন

সাইন ইন করুন,  
আলোচনার প্রশ্নাবলী  
পর্যালোচনা করুন, এবং  
হালকা সতেজতা উপভোগ করুন।

৫:০০ অপরাহ্ন

### স্বাগতম

ফোরামের একটি সংক্ষিপ্ত  
পরিচিতি দিয়ে শুরু করুন।

৫:১০ অপরাহ্ন

### আলোচনা

একটি মডারেটরের নেতৃত্বে  
ছোট-দলভিত্তিক আলোচনায়  
অংশ নিন এবং প্রশ্নাবলী  
অনুযায়ী মতবিনিময় করুন।

৬:১৫ অপরাহ্ন

### রিসোর্স প্যানেল প্রশ্নোত্তর

ইমিগ্রেশন বিষয়ক  
বিভিন্ন দৃষ্টিভঙ্গি নিয়ে  
অধ্যয়নরত একাডেমিক  
প্যানেলের কাছে প্রশ্ন  
উত্থাপন করুন।

৭:০০ অপরাহ্ন

### ডিনার এবং জরিপ

স্থানীয় অভিবাসীদের পরিচালিত  
ব্যবসা থেকে সরবরাহিত  
ডিনারের সময় একটি এক্সিট  
জরিপ সম্পন্ন করুন।

